কালের কণ্ঠ

তারিখ · 2· MAR 2016

পৃষ্ঠা [illegible] কলাম 2

# বেসরকারি শিক্ষকদের আশা কি পূরণ হবে?

সরকারের এরিয়ারসহ পে স্কেল ঘোষণা শুনে বেসরকারি এমপিওভুক্ত শিক্ষকরা আশায় বুক বেঁধেছিলেন। কিন্তু পরিতাপের বিষয়, এখন পর্যন্ত বেসরকারি শিক্ষক-কর্মচারীদের পে স্কেলপ্রাপ্তির দৃশ্যমান ও কার্যকর কোনো পদক্ষেপ দেখা যাচ্ছে না। ফলে সারা দেশের প্রায় পাঁচ লক্ষাধিক শিক্ষক-কর্মচারী হতাশায় ভুগছেন। আমাদের পে স্কেলপ্রাপ্তির আশা কি পূরণ হবে? শিক্ষা মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের যথাযথ দৃষ্টি আকর্ষণ করছি।

**মাওলানা কাজী ছিদ্দিকুর রাহমান**

সহকারী শিক্ষক, মাধাইয়া বাজার ছাদিম উচ্চ বিদ্যালয়, চান্দিনা, কুমিল্লা।